# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, শর্ট কোর্স শাখা
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।
Web site: www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৪৩.০১৪.১৯.৪৯৬

তারিখ: ৩০ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
১৩ মে, ২০২৫ খ্রি.

## অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষকের জন্য অনলাইন (Online) -এ ফরম পূরণ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রমের জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪ সেশনের ২য় পর্ব নিয়মিত ও অনিয়মিত এবং ১ম পর্ব (অনিয়মিত) অনুষ্ঠিতব্য বোর্ড সমাপনী পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও নিরীক্ষণ কার্য সম্পাদনে উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক হওয়ার লক্ষ্যে "বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৪" এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন সংশ্লিষ্ট শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠানের শিক্ষকদের নিম্নোক্ত সময়সীমার মধ্যে অনলাইন (Online) -এ চাহিত তথ্য এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো:

| ১৫-০৫-২০২৫খ্রি. তারিখ হতে ২৪-০৫-২০২৫খ্রি. তারিখ পর্যন্ত |
|---|

আবেদন করার নিয়মাবলী:
ওয়েব সাইট www.bteb.gov.bd -এর হোম পেইজে ⟹ শিক্ষকদের তথ্য ⟹ সল্প মেয়াদি ও অন্যান্য ৮০- Advanced Certificate Course ⟹ প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষকের জন্য চাহিত এন্ট্রি করতে হবে।

০১. উত্তরপত্র পরীক্ষক ও নিরীক্ষক হওয়ার যোগ্যতা

(ক) সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে
সংশ্লিষ্ট টেকনোলজিতে ন্যূনতম ০১ (এক) বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ জুনিয়র ইন্সট্রাকটর হতে হবে;

(খ) বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে

- কম্পিউটার টেকনোলজির জন্য: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ -তে কম্পিউটার সায়েন্স স্নাতক ডিগ্রী অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ -তে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের কম্পিউটার টেকনোলজি/ ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্স সার্টিফিকেট ইন কম্পিউটার টেকনোলজিতে উত্তীর্ণ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা থাকতে হবে;
- ফাইন আর্টস টেকনোলজির জন্য: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ -তে চারুকলায় স্নাতক ডিগ্রী অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্স সার্টিফিকেট ইন ফাইন আর্টস টেকনোলজিতে উত্তীর্ণ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা থাকতে হবে;
- ফিজিক্যাল এডুকেশন টেকনোলজির জন্য: কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ -তে ফিজিক্যাল এডুকেশন -এ স্নাতক/স্নাতক ডিগ্রীসহ ০১ (এক) বছর মেয়াদি বিপিএড -এ সার্টিফিকেটপ্রাপ্ত অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্স সার্টিফিকেট ইন ফিজিক্যাল এডুকেশন টেকনোলজিতে উত্তীর্ণ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা থাকতে হবে।

০২. প্রধান পরীক্ষক হওয়ার যোগ্যতা

(ক) সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে
সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে চীফ ইন্সট্রাকটর (সহকারী অধ্যাপক সমমান) পদে কর্মরত অথবা ইন্সট্রাক্টর পদে (১ম শ্রেণির পদমর্যাদা) ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক হিসেবে ০১ (এক) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে;

(খ) বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে
কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ -তে কম্পিউটার সায়েন্স/চারুকলা/শারীরিক শিক্ষায় স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ন্যূনতম ০২ (দুই) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা থাকতে হবে অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ -তে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে উত্তীর্ণ সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা

সমমানের সিজিপিএ –তে স্নাতক ডিগ্রীসহ ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্স সার্টিফিকেট ইন কম্পিউটার টেকনোলজি/ফাইন আর্টস টেকনোলজি/ফিজিক্যাল এডুকেশন টেকনোলজিতে উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৩ (তিন) বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা থাকতে হবে।

০৩. উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে যেসকল তথ্যাদি প্রয়োজন

(ক) সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে

সোনালী ব্যাংক পিএলসি এর অনলাইন হিসাব নম্বর (১৩ সংখ্যা) , মোবাইল নম্বর ও কর্মক্ষেত্রে যোগদানের তারিখ ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে;

(খ) বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে

নিয়োগপত্র, যোগদানপত্র, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যাদিত কপি, সোনালী ব্যাংক পিএলসি এর অনলাইন হিসাব নম্বর (১৩ সংখ্যা), মোবাইল নম্বর ও কর্মক্ষেত্রে যোগদানের তারিখ ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে।

১৩/০৫/২৫

(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৪.৪৩.০১৪.১৯.৪৯৬ (১২) তারিখ: ১৩-০৫-২০২৫ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, সংশ্লিষ্ট সকল জেলা।
০৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫. আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বরিশাল/রংপুর/ঢাকা/ময়মনসিংহ।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
০৭. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৯. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অধ্যক্ষ/পরিচালক, ০১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান।
১১. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

১৩.০৫.২০২৫

(মোঃ নওশাদ আলী)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স) অ. দা.
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।